ধন্যবাদ-স্তুতি

Pro Manuscripto

সাধু বেনেডিক্ট মঠ
১৯৯৮

ধন্যবাদ-স্তুতি ৫ ক

ঈশ্বর আপন জনমণ্ডলীকে চালনা করেন

হে পবিত্রতম পিতা,
তুমি যে বিশ্বস্রষ্টা, তুমি যে জীবনের উৎস—
তোমাকে ধন্যবাদ জানানো সত্যি সমীচীন।

আমাদের জীবনের যাত্রাপথে আমাদের একাই ফেলে না রেখে
তুমি বরং আমাদের মধ্যে জীবিত ও ক্রিয়াশীলভাবে উপস্থিত।

তোমার পরাক্রমশালী বাহু দ্বারা
তুমি একদিন প্রান্তরে পথহীন তোমার সেই জনগণকে চালনা করলে ;
তোমার আত্মার আলো ও শক্তি দ্বারা
তুমি তো আজ জগতে প্রবাসী তোমার এ জনমণ্ডলীর সঙ্গে সঙ্গে চল ;
তোমার পুত্র আমাদের প্রভু সেই খ্রীষ্টের মাধ্যমে
তুমি কালচক্রের দীর্ঘ পথ ধরেই
তোমার রাজ্যের পরমানন্দে আমাদের চালনা কর।

তোমার এ সমস্ত মহাদানের জন্য
আমরা স্বর্গদূত ও সাধুসাধ্বীর সঙ্গে কণ্ঠ মিলিয়ে
নিরন্তর গেয়ে উঠি তোমার প্রশংসাগান—

পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর,
স্বর্গমর্ত তোমার গৌরবে পরিপূর্ণ।
ঊর্ধ্বলোকে হোসান্না !
যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য।
ঊর্ধ্বলোকে হোসান্না !

হে পবিত্রতম পিতা, আমরা তোমার গৌরবের কথা ঘোষণা করি :
আমাদের চলার পথে তুমি তো আমাদের অনুক্ষণ ধরে রাখ—
বিশেষভাবে এই ক্ষণে
যে ক্ষণেই তোমার পুত্র সেই খ্রীষ্ট
পবিত্র ভোজে অংশ নেবার জন্য আমাদের একত্রিত করেন।
তিনি এম্মাউসের সেই শিষ্যদের মত
আমাদের কাছে শাস্ত্রের অর্থ প্রকাশ করেন
ও আমাদের জন্য রুটি ছিঁড়ে তা দান করেন।

হে সর্বশক্তিমান পিতা, অনুনয় করি,
এ রুটি ও আঙুররসের উপর তোমার আত্মাকে প্রেরণ কর,
যেন তোমার পুত্র আপন দেহ + ও রক্তের মধ্য দিয়ে
আমাদের মাঝে উপস্থিত হন।

তাঁর যন্ত্রণাভোগের পূর্বদিন, তাঁদের সঙ্গে সান্ধ্যভোজে বসে,
তিনি রুটি গ্রহণ করে নিলেন,
এবং ধন্যবাদ-স্তুতি জানিয়ে তা ছিঁড়ে তাঁর শিষ্যদের দিয়ে বললেন :

‘গ্রহণ করে নাও, খাও সকলে,
এ আমার দেহ, যা তোমাদের জন্য নিবেদিত।’

তেমনি তিনি আঙুররসের পানপাত্র গ্রহণ করে নিলেন,
এবং ধন্যবাদ-স্তুতি জানিয়ে ও ‘ধন্য’ স্তুতিবাদ উচ্চারণ করে
পাত্রটি তাঁর শিষ্যদের দিয়ে বললেন :

‘গ্রহণ করে নাও, পান কর সকলে,
এ আমার রক্তের পাত্র,
নূতন ও চিরন্তন সন্ধির রক্ত।
এ রক্ত তোমাদের ও সকল মানুষের জন্য
পাপমোচনের উদ্দেশ্যে পাতিত হবে।
তোমরা আমার স্মরণার্থে তেমনটি কর।’

আসুন, খ্রীষ্টবিশ্বাসের মহারহস্য ঘোষণা করি।

[হে প্রভু, আমরা তোমার মৃত্যু প্রচার করি,
তোমার পুনরুত্থান ঘোষণা করি,
তোমার পুনরাগমনের প্রতীক্ষা করি।]

হে পিতা, আমাদের পুনর্মিলনের স্মরণোৎসব উদ্‌যাপন ক’রে
আমরা তোমার প্রেমের কর্মকীর্তির কথা প্রচার করি।
যন্ত্রণাভোগ ও ক্রুশের মধ্য দিয়ে তুমি তোমার পুত্র সেই খ্রীষ্টকে
পুনরুত্থানের গৌরবে প্রবেশ করিয়েছ
এবং সর্বযুগের অমর রাজা ও বিশ্বজগতের প্রভুরূপে
তাঁকে তোমার ডান পাশে আহ্বান করেছ।

হে পবিত্রতম পিতা, এ নৈবেদ্যের দিকে মুখ তুলে চাও—
স্বয়ং খ্রীষ্টই তো আপন দেহরক্তে নিজেকে উৎসর্গ করছেন,
এবং তাঁর আত্মবলিদানে
তোমার দিকে আমাদের পথ উন্মুক্ত করছেন।

হে করুণাময় পিতা ঈশ্বর,
প্রেমের আত্মা—তোমার আপন পুত্রের আত্মাকেই
আমাদের দান কর।

যাদের তুমি তোমার ভোজে আমন্ত্রণ জানিয়েছ,
তাদের সকলকে আমাদের পোপ …,
আমাদের ধর্মপাল …,
পুরোহিত, পরিসেবক ও সমগ্র খ্রীষ্টজনগণেরই সঙ্গে
ঐক্যে দৃঢ়প্রতিষ্ঠিত কর ;
তাঁরা জগতে আস্থা ও আনন্দের আলো ছড়াতে
এবং বিশ্বাস ও আশায় পথ চলতে সক্ষম হোন।

আমাদের সেই সকল ভাইবোনের কথাও স্মরণে রাখ
যাঁরা তোমার খ্রীষ্টের শান্তিতে মৃত্যুবরণ করেছেন,
স্মরণে রাখ সেই সকল পরলোকগত ভক্তদেরও কথা
যাঁদের বিশ্বাস শুধু তোমারই কাছে জানা ছিল :
কৃপা কর, তাঁরা যেন তোমার শ্রীমুখের আলো দেখতে
ও পুনরুত্থানে জীবনের পূর্ণতা উপভোগ করতে পারেন ;
আমাদের প্রতিও সদয় হও,
এ যাত্রাপথ শেষে আমরা যেন
সেই শাশ্বত আবাসে গিয়ে পৌঁছতে পারি,
তুমি নিজেই যেখানে আমাদের অপেক্ষায় আছ।

ধন্যা মারীয়া,
প্রেরিতদূত ও সাক্ষ্যমর,
(সাধু / সাধ্বী …)
ও নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে
আমরা তোমার পুত্র আমাদের প্রভু সেই খ্রীষ্টে
তোমার চরণে নিবেদন করি আমাদের স্তুতিবাদ।

খ্রীষ্টের দ্বারা, খ্রীষ্টের সঙ্গে, খ্রীষ্টের মধ্যে
পবিত্র আত্মার ঐক্যে, হে সর্বশক্তিমান পিতা ঈশ্বর,
সমস্ত সম্মান তোমারই, সমস্ত গৌরব তোমারই—যুগযুগান্তরে।

আমেন।

ধন্যবাদ-স্তুতি ৫ খ

আমাদের পথ যীশু

হে মহান ও করুণাময় ঈশ্বর,
তুমি যে জগৎকে সৃষ্টি করেছ,
তুমি যে অসীম প্রেমেই জগৎকে প্রতিপালন করে থাক—
তোমাকে ধন্যবাদ জানানো সত্যি সমীচীন।

পিতারই মত তুমি তো সমস্ত সৃষ্টির উপর স্নেহময় দৃষ্টি রাখ:
তোমার নামের গৌরবার্থে সৃষ্ট,
তোমার পুত্রের ক্রুশ দ্বারা বিমুক্ত,
আত্মার মুদ্রাঙ্কনে চিহ্নিত সকল মানুষকে
তুমি তো একটিমাত্র পরিবারে একত্রিত কর।

সেই খ্রীষ্ট, যিনি তোমার জীবন্ত বাণী,
পথ ব'লে তিনিই তোমার কাছে আমাদের চালনা করেন,
সত্য ব'লে তিনিই আমাদের মুক্ত করেন,
জীবন ব'লে তিনিই আমাদের আনন্দে পূর্ণ করেন।

তাঁরই মধ্য দিয়ে আমরা
তোমার প্রসন্নতার এ সমস্ত দানের জন্য
তোমার চরণে ধন্যবাদ-স্তুতি নিবেদন করি,
এবং স্বর্গদূত ও সাধুসাধ্বীমণ্ডলীর সঙ্গে
ঘোষণা করি তোমার প্রশংসাবাদ—

পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর,
স্বর্গমর্ত তোমার গৌরবে পরিপূর্ণ।
ঊর্ধ্বলোকে হোসান্না!
যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য।
ঊর্ধ্বলোকে হোসান্না!

হে পবিত্রতম পিতা, আমরা তোমার গৌরবের কথা ঘোষণা করি:
আমাদের চলার পথে তুমি তো আমাদের অনুক্ষণ ধরে রাখ—
বিশেষভাবে এই ক্ষণে
যে ক্ষণেই তোমার পুত্র সেই খ্রীষ্ট
পবিত্র ভোজে অংশ নেবার জন্য আমাদের একত্রিত করেন।
তিনি এম্মাউসের সেই শিষ্যদের মত
আমাদের কাছে শাস্ত্রের অর্থ প্রকাশ করেন
ও আমাদের জন্য রুটি ছিঁড়ে তা দান করেন।

হে সর্বশক্তিমান পিতা, অনুনয় করি,
এ রুটি ও আঙুররসের উপর তোমার আত্মাকে প্রেরণ কর,
যেন তোমার পুত্র আপন দেহ + ও রক্তের মধ্য দিয়ে
আমাদের মাঝে উপস্থিত হন।

তাঁর যন্ত্রণাভোগের পূর্বদিন, তাঁদের সঙ্গে সান্ধ্যভোজে বসে,
তিনি রুটি গ্রহণ করে নিলেন,
এবং ধন্যবাদ-স্তুতি জানিয়ে তা ছিঁড়ে তাঁর শিষ্যদের দিয়ে বললেন :

'গ্রহণ করে নাও, খাও সকলে,
এ আমার দেহ, যা তোমাদের জন্য নিবেদিত।'

তেমনি তিনি আঙুররসের পানপাত্র গ্রহণ করে নিলেন,
এবং ধন্যবাদ-স্তুতি জানিয়ে ও 'ধন্য' স্তুতিবাদ উচ্চারণ করে
পাত্রটি তাঁর শিষ্যদের দিয়ে বললেন :

'গ্রহণ করে নাও, পান কর সকলে,
এ আমার রক্তের পাত্র,
নূতন ও চিরন্তন সন্ধির রক্ত।
এ রক্ত তোমাদের ও সকল মানুষের জন্য
পাপমোচনের উদ্দেশ্যে পাতিত হবে।
তোমরা আমার স্মরণার্থে তেমনটি কর।'

আসুন, খ্রীষ্টবিশ্বাসের মহারহস্য ঘোষণা করি।

[হে প্রভু, আমরা তোমার মৃত্যু প্রচার করি,
তোমার পুনরুত্থান ঘোষণা করি,
তোমার পুনরাগমনের প্রতীক্ষা করি।]

হে পিতা, আমাদের পুনর্মিলনের স্মরণোৎসব উদ্‌যাপন ক'রে
আমরা তোমার প্রেমের কর্মকীর্তির কথা প্রচার করি।
যন্ত্রণাভোগ ও ক্রুশের মধ্য দিয়ে তুমি তোমার পুত্র সেই খ্রীষ্টকে
পুনরুত্থানের গৌরবে প্রবেশ করিয়েছ
এবং সর্বযুগের অমর রাজা ও বিশ্বজগতের প্রভুরূপে
তাঁকে তোমার ডান পাশে আহ্বান করেছ।

হে পবিত্রতম পিতা, এ নৈবেদ্যের দিকে মুখ তুলে চাও—
স্বয়ং খ্রীষ্টই তো আপন দেহরক্তে নিজেকে উৎসর্গ করছেন,
এবং তাঁর আত্মবলিদানে
তোমার দিকে আমাদের পথ উন্মুক্ত করছেন।

হে করুণাময় পিতা ঈশ্বর,
প্রেমের আত্মা—তোমার আপন পুত্রের আত্মাকেই
আমাদের দান কর।

তোমার পুত্রের দেহরক্ত দ্বারা
তোমার জনগণকে বলবান করে তোল ;
তোমার পুত্রের প্রতিমূর্তিতে
আমাদের নবীকৃত করে তোল।
আমাদের পোপ ...,
আমাদের ধর্মপাল ...,
ও আমাদের জনগণকে আশিসধন্য কর।
মণ্ডলীর সকল সদস্যকে
যুগলক্ষণগুলো চিনতে সক্ষম ক'রে
সুসঙ্গত আচরণেই সুসমাচারের সেবায় সচেষ্ট হতে সহায়তা কর।

আমাদের যাত্রাপথে
যে সকল ভাইবোনের সঙ্গে দেখাসাক্ষাৎ করি,
তাদের গ্রহণ করার জন্য
তুমি আমাদের হৃদয় উদার উন্মুক্ত করে তোল,
যেন তাদের যত দুঃখ ও মনোবেদনা,
যত আনন্দ ও প্রত্যাশার সহভাগী হয়ে
আমরা একসঙ্গেই পরিত্রাণের পথে এগিয়ে চলতে পারি।

আমাদের সেই সকল ভাইবোনের কথাও স্মরণে রাখ
যাঁরা তোমার খ্রীষ্টের শান্তিতে মৃত্যুবরণ করেছেন,
স্মরণে রাখ সেই সকল পরলোকগত ভক্তদেরও কথা
যাঁদের বিশ্বাস শুধু তোমারই কাছে জানা ছিল :
কৃপা কর, তাঁরা যেন তোমার শ্রীমুখের আলো দেখতে
ও পুনরুত্থানে জীবনের পূর্ণতা উপভোগ করতে পারেন ;
আমাদের প্রতিও সদয় হও,
এ যাত্রাপথ শেষে আমরা যেন
সেই শাশ্বত আবাসে গিয়ে পৌঁছতে পারি,
তুমি নিজেই যেখানে আমাদের অপেক্ষায় আছ।

ধন্যা মারীয়া,
প্রেরিতদূত ও সাক্ষ্যমর, (সাধু / সাধ্বী ...)
ও নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে
আমরা তোমার পুত্র আমাদের প্রভু সেই খ্রীষ্টে
তোমার চরণে নিবেদন করি আমাদের স্তুতিবাদ।

খ্রীষ্টের দ্বারা, খ্রীষ্টের সঙ্গে, খ্রীষ্টের মধ্যে
পবিত্র আত্মার ঐক্যে, হে সর্বশক্তিমান পিতা ঈশ্বর,
সমস্ত সম্মান তোমারই, সমস্ত গৌরব তোমারই—যুগযুগান্তরে।

আমেন।

ধন্যবাদ-স্তুতি ৫ গ

ভালবাসার আদর্শ যীশু

হে করুণাময় পিতা,
তুমি যে তোমার পুত্র আমাদের ভাই ও মুক্তিদাতা যীশুখ্রীষ্টকে
আমাদের দান করেছ—
তোমাকে ধন্যবাদ জানানো সত্যি সমীচীন।

সেই খ্রীষ্টে তুমি
ছোট ও গরিবদের প্রতি,
অসুস্থ ও পরিত্যক্তদের প্রতি
তোমার ভালবাসা ব্যক্ত করেছ।
ভাইদের যত প্রয়োজন ও দুঃখবেদনা দে'খে
তিনি আপন হৃদয় কখনও রুদ্ধ করেননি।
তাঁর আপন জীবন ও বাণী দ্বারা
তিনি জগতের কাছে এ শুভসংবাদ দিলেন যে
তুমি পিতা,
তুমি তোমার সকল সন্তানের যত্ন কর।

তোমার প্রসন্নতার এ সমস্ত প্রমাণের জন্য
আমরা তোমার প্রশংসাবাদ করি,
তোমাকে বলি ধন্য,
ও স্বর্গদূত ও সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে
গেয়ে উঠি তোমার গৌরবগান—

পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর,
স্বর্গমর্ত তোমার গৌরবে পরিপূর্ণ।
ঊর্ধ্বলোকে হোসান্না!
যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য।
ঊর্ধ্বলোকে হোসান্না!

হে পবিত্রতম পিতা, আমরা তোমার গৌরবের কথা ঘোষণা করি:
আমাদের চলার পথে তুমি তো আমাদের অনুক্ষণ ধরে রাখ—
বিশেষভাবে এই ক্ষণে
যে ক্ষণেই তোমার পুত্র সেই খ্রীষ্ট
পবিত্র ভোজে অংশ নেবার জন্য আমাদের একত্রিত করেন।
তিনি এম্মাউসের সেই শিষ্যদের মত
আমাদের কাছে শাস্ত্রের অর্থ প্রকাশ করেন
ও আমাদের জন্য রুটি ছিঁড়ে তা দান করেন।

হে সর্বশক্তিমান পিতা, অনুনয় করি,
এ রুটি ও আঙুররসের উপর তোমার আত্মাকে প্রেরণ কর,
যেন তোমার পুত্র আপন দেহ + ও রক্তের মধ্য দিয়ে
আমাদের মাঝে উপস্থিত হন।

তাঁর যন্ত্রণাভোগের পূর্বদিন, তাঁদের সঙ্গে সান্ধ্যভোজে বসে,
তিনি রুটি গ্রহণ করে নিলেন,
এবং ধন্যবাদ-স্তুতি জানিয়ে তা ছিঁড়ে তাঁর শিষ্যদের দিয়ে বললেন :

'গ্রহণ করে নাও, খাও সকলে,
এ আমার দেহ, যা তোমাদের জন্য নিবেদিত।'

তেমনি তিনি আঙুররসের পানপাত্র গ্রহণ করে নিলেন,
এবং ধন্যবাদ-স্তুতি জানিয়ে ও 'ধন্য' স্তুতিবাদ উচ্চারণ করে
পাত্রটি তাঁর শিষ্যদের দিয়ে বললেন :

'গ্রহণ করে নাও, পান কর সকলে,
এ আমার রক্তের পাত্র,
নূতন ও চিরন্তন সন্ধির রক্ত।
এ রক্ত তোমাদের ও সকল মানুষের জন্য
পাপমোচনের উদ্দেশ্যে পাতিত হবে।
তোমরা আমার স্মরণার্থে তেমনটি কর।'

আসুন, খ্রীষ্টবিশ্বাসের মহারহস্য ঘোষণা করি।

[হে প্রভু, আমরা তোমার মৃত্যু প্রচার করি,
তোমার পুনরুত্থান ঘোষণা করি,
তোমার পুনরাগমনের প্রতীক্ষা করি।]

হে পিতা, আমাদের পুনর্মিলনের স্মরণোৎসব উদ্‌যাপন ক'রে
আমরা তোমার প্রেমের কর্মকীর্তির কথা প্রচার করি।
যন্ত্রণাভোগ ও ক্রুশের মধ্য দিয়ে তুমি তোমার পুত্র সেই খ্রীষ্টকে
পুনরুত্থানের গৌরবে প্রবেশ করিয়েছ
এবং সর্বযুগের অমর রাজা ও বিশ্বজগতের প্রভুরূপে
তাঁকে তোমার ডান পাশে আহ্বান করেছ।

হে পবিত্রতম পিতা, এ নৈবেদ্যের দিকে মুখ তুলে চাও—
স্বয়ং খ্রীষ্টই তো আপন দেহরক্তে নিজেকে উৎসর্গ করছেন,
এবং তাঁর আত্মবলিদানে
তোমার দিকে আমাদের পথ উন্মুক্ত করছেন।

হে করুণাময় পিতা ঈশ্বর,
প্রেমের আত্মা—তোমার আপন পুত্রের আত্মাকেই
আমাদের দান কর।

জীবনের রুটি ও পরিত্রাণের পানপাত্র দ্বারা
তোমার জনগণকে বলবান করে তোল ;
আমাদের পোপ …,
আমাদের ধর্মপাল …র সহভাগিতায়
আমাদের সকলকে বিশ্বাসে ও প্রেমে পূর্ণ করে তোল।

এমন চোখ আমাদের দান কর,
আমরা যেন ভাইবোনদের যত প্রয়োজন ও দুঃখবেদনা দেখতে পাই ;
আমাদের হৃদয়ে তোমার বাণীর আলো সঞ্চার কর,
আমরা যেন ভারাক্রান্ত অত্যাচারিত সকলকে
সান্ত্বনা দিতে পারি :
সাহায্য কর, আমরা যেন দীনদরিদ্র ও দুঃখপীড়িতদের সেবায়
সততার সঙ্গেই আত্মনিয়োগ করতে পারি।

তোমার মণ্ডলী হোক
সত্য ও স্বাধীনতার,
ন্যায় ও শান্তির জীবন্ত সাক্ষ্যস্বরূপ,
যাতে সকল মানুষ
নবীন জগতের প্রত্যাশায় নিজেদের উন্মুক্ত করে।

আমাদের সেই সকল ভাইবোনের কথাও স্মরণে রাখ
যাঁরা তোমার খ্রীষ্টের শান্তিতে মৃত্যুবরণ করেছেন,
স্মরণে রাখ সেই সকল পরলোকগত ভক্তদেরও কথা
যাঁদের বিশ্বাস শুধু তোমারই কাছে জানা ছিল :
কৃপা কর, তাঁরা যেন তোমার শ্রীমুখের আলো দেখতে
ও পুনরুত্থানে জীবনের পূর্ণতা উপভোগ করতে পারেন ;
আমাদের প্রতিও সদয় হও,
এ যাত্রাপথ শেষে আমরা যেন
সেই শাশ্বত আবাসে গিয়ে পৌঁছতে পারি,
তুমি নিজেই যেখানে আমাদের অপেক্ষায় আছ।

ধন্যা মারীয়া,
প্রেরিতদূত ও সাক্ষ্যমর, (সাধু / সাধ্বী …)
ও নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে
আমরা তোমার পুত্র আমাদের প্রভু সেই খ্রীষ্টে
তোমার চরণে নিবেদন করি আমাদের স্তুতিবাদ।

খ্রীষ্টের দ্বারা, খ্রীষ্টের সঙ্গে, খ্রীষ্টের মধ্যে
পবিত্র আত্মার ঐক্যে, হে সর্বশক্তিমান পিতা ঈশ্বর,
সমস্ত সম্মান তোমারই, সমস্ত গৌরব তোমারই—যুগযুগান্তরে।

আমেন।

ধন্যবাদ-স্তুতি ৫ ঘ

ঐক্যের দিকে মণ্ডলীর যাত্রাপথ

হে প্রভু, হে দয়াময় পিতা,
তোমার চরণে ধন্যবাদ ও প্রশংসার স্তুতিগান নিবেদন করা
সত্যি সমীচীন।

যিনি আমাদের জন্য মানুষ হলেন,
সনাতন গৌরবের জ্যোতি তোমার সেই পুত্রের মধ্য দিয়ে
তুমি মণ্ডলীর ঐক্যে
সকল জাতির মানুষকে সংগৃহীত করেছ।

তোমার আত্মার শক্তি দ্বারা
তুমি এখনও পৃথিবীর জাতি-সকলকে
একটিমাত্র পরিবারে একত্রিত করে থাক,
ও সকল মানুষকে
তোমার রাজ্যের পুণ্য প্রত্যাশায় আশান্বিত করে থাক।

তাই যে সন্ধি
আমাদের প্রভু যীশুখ্রীষ্টে অঙ্গীকৃত ও বাস্তবায়িত হয়েছে,
সেই সন্ধির প্রতি তোমার বিশ্বস্ততার চিহ্নরূপেই
মণ্ডলীর উদ্ভাস।

পরিত্রাণের এ পরমসত্যের জন্য
আকাশমণ্ডল তোমার প্রশংসাগানে মুখরিত,
পৃথিবী উল্লসিত,
মণ্ডলী একসুরে গেয়ে ওঠে তোমার গৌরবগান—

> **পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর,**
> **স্বর্গমর্ত তোমার গৌরবে পরিপূর্ণ।**
> **ঊর্ধ্বলোকে হোসান্না!**
> **যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য।**
> **ঊর্ধ্বলোকে হোসান্না!**

হে পবিত্রতম পিতা, আমরা তোমার গৌরবের কথা ঘোষণা করি:
আমাদের চলার পথে তুমি তো আমাদের অনুক্ষণ ধরে রাখ—
বিশেষভাবে এই ক্ষণে
যে ক্ষণেই তোমার পুত্র সেই খ্রীষ্ট
পবিত্র ভোজে অংশ নেবার জন্য আমাদের একত্রিত করেন।

তিনি এম্মাউসের সেই শিষ্যদের মত
আমাদের কাছে শাস্ত্রের অর্থ প্রকাশ করেন
ও আমাদের জন্য রুটি ছিঁড়ে তা দান করেন।

হে সর্বশক্তিমান পিতা, অনুনয় করি,
এ রুটি ও আঙুররসের উপর তোমার আত্মাকে প্রেরণ কর,
যেন তোমার পুত্র আপন দেহ + ও রক্তের মধ্য দিয়ে
আমাদের মাঝে উপস্থিত হন।

তাঁর যন্ত্রণাভোগের পূর্বদিন, তাঁদের সঙ্গে সান্ধ্যভোজে বসে,
তিনি রুটি গ্রহণ করে নিলেন,
এবং ধন্যবাদ-স্তুতি জানিয়ে তা ছিঁড়ে তাঁর শিষ্যদের দিয়ে বললেন :

‘গ্রহণ করে নাও, খাও সকলে,
এ আমার দেহ, যা তোমাদের জন্য নিবেদিত।’

তেমনি তিনি আঙুররসের পানপাত্র গ্রহণ করে নিলেন,
এবং ধন্যবাদ-স্তুতি জানিয়ে ও ‘ধন্য’ স্তুতিবাদ উচ্চারণ করে
পাত্রটি তাঁর শিষ্যদের দিয়ে বললেন :

‘গ্রহণ করে নাও, পান কর সকলে,
এ আমার রক্তের পাত্র,
নূতন ও চিরন্তন সন্ধির রক্ত।
এ রক্ত তোমাদের ও সকল মানুষের জন্য
পাপমোচনের উদ্দেশ্যে পাতিত হবে।
তোমরা আমার স্মরণার্থে তেমনটি কর।’

আসুন, খ্রীষ্টবিশ্বাসের মহারহস্য ঘোষণা করি।

[হে প্রভু, আমরা তোমার মৃত্যু প্রচার করি,
তোমার পুনরুত্থান ঘোষণা করি,
তোমার পুনরাগমনের প্রতীক্ষা করি।]

হে পিতা, আমাদের পুনর্মিলনের স্মরণোৎসব উদ্‌যাপন ক’রে
আমরা তোমার প্রেমের কর্মকীর্তির কথা প্রচার করি।
যন্ত্রণাভোগ ও ক্রুশের মধ্য দিয়ে তুমি তোমার পুত্র সেই খ্রীষ্টকে
পুনরুত্থানের গৌরবে প্রবেশ করিয়েছ
এবং সর্বযুগের অমর রাজা ও বিশ্বজগতের প্রভুরূপে
তাঁকে তোমার ডান পাশে আহ্বান করেছ।

হে পবিত্রতম পিতা, এ নৈবেদ্যের দিকে মুখ তুলে চাও—
স্বয়ং খ্রীষ্টই তো আপন দেহরক্তে নিজেকে উৎসর্গ করছেন,
এবং তাঁর আত্মবলিদানে
তোমার দিকে আমাদের পথ উন্মুক্ত করছেন।

হে করুণাময় পিতা ঈশ্বর,
প্রেমের আত্মা—তোমার আপন পুত্রের আত্মাকেই
আমাদের দান কর।

সহায়তা কর, ··· মণ্ডলী যেন
সুসমাচারের আলোতে নিজেকে নবায়ন করে।
ভক্তবৃন্দ ও পুরোহিতবর্গের মধ্যে,
পুরোহিতবর্গ ও আমাদের ধর্মপাল ···র মধ্যে,
ধর্মপাল-সম্প্রদায় ও আমাদের পোপ ···র মধ্যে
ঐক্যের বন্ধন সুদৃঢ় করে তোল:
হিংসা-বিবাদে দীর্ণ-বিদীর্ণ তেমন জগতেই
তোমার মণ্ডলীর উদ্ভাস হোক
ঐক্য ও শান্তির বিশ্বাসযোগ্য একটি চিহ্ন।

আমাদের সেই সকল ভাইবোনের কথাও স্মরণে রাখ
যাঁরা তোমার খ্রীষ্টের শান্তিতে মৃত্যুবরণ করেছেন,
স্মরণে রাখ সেই সকল পরলোকগত ভক্তদেরও কথা
যাঁদের বিশ্বাস শুধু তোমারই কাছে জানা ছিল:
কৃপা কর, তাঁরা যেন তোমার শ্রীমুখের আলো দেখতে
ও পুনরুত্থানে জীবনের পূর্ণতা উপভোগ করতে পারেন;
আমাদের প্রতিও সদয় হও,
এ যাত্রাপথ শেষে আমরা যেন
সেই শাশ্বত আবাসে গিয়ে পৌঁছতে পারি,
তুমি নিজেই যেখানে আমাদের অপেক্ষায় আছ।

ধন্যা মারীয়া,
প্রেরিতদূত ও সাক্ষ্যমর,
(সাধু / সাধ্বী ···)
ও নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে
আমরা তোমার পুত্র আমাদের প্রভু সেই খ্রীষ্টে
তোমার চরণে নিবেদন করি আমাদের স্তুতিবাদ।

খ্রীষ্টের দ্বারা, খ্রীষ্টের সঙ্গে, খ্রীষ্টের মধ্যে
পবিত্র আত্মার ঐক্যে, হে সর্বশক্তিমান পিতা ঈশ্বর,
সমস্ত সম্মান তোমারই, সমস্ত গৌরব তোমারই—যুগযুগান্তরে।

আমেন।